



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

নথি নং -বিঅ-৬/৩৮৭৭/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১০৫২৩

তারিখ: ১৯-০৫-২০২২

বিষয়: তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ২৮-০৩-২০২২ তারিখের আবেদন (আইডি- (১৪১৬৫))

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খুলনা জেলার ফুলতলা উপজেলাধীন গিলাতলা মাধ্যমিক বিদ্যালয়ের দাখিলকৃত ম্যানেজিং কমিটি গঠনের অনিয়মের বিরুদ্ধে জনাব মো: লুৎফর রহমান গং একটি অভিযোগ দাখিল করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন অতিসত্ত্বর নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে আপনাকে অনুরোধ করা হলো।

১৯-০৫-২০২২

(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

02477762705

জেলা শিক্ষা অফিসার
খুলনা।

সংযুক্তি: অভিযোগের ছায়ালিপি

নথি নং-বিঅ-৬/৩৮৭৭/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১০৫২৩ (৬)

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

তারিখ: ১৯-০৫-২০২২

১। জেলা প্রশাসক, খুলনা।

২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলতলা, খুলনা।

৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলতলা, খুলনা।

৪। প্রধান শিক্ষক, গিলাতলা মাধ্যমিক বিদ্যালয়, জাহানাবাদ ক্যান্টনমেন্ট, ফুলতলা, খুলনা।

৫। অভিযোগকারী, জনাব মো: লুৎফর রহমান গং (০১৭৬২-২৭৭৮২০), ফুলতলা, খুলনা।

৬। অফিস নথি।

১৯-০৫-২০২২

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

02477762705

তাং ২৮/৩/২০২২ ইং

বরাবর,

চেয়ারম্যান

যশোর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

বিষয় : খুলনা জেলার, ফুলতলা উপজেলার, গিলাতলা মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠনের অনিয়ম হওয়ায় নবগঠিত কমিটি তদন্ত সাপেক্ষে বাতিল করার জন্য আবেদন প্রসঙ্গে।

জনাব,

সবিনয় নিবেদন এই যে, আমরা নিম্নস্বাক্ষরকারী অভিভাবকবৃন্দ বিগত জানুয়ারি মাস থেকে গিলাতলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের সাথে যোগাযোগ রক্ষা করে বারবার জানতে পেরেছি আগামী ৬ মার্চ ২০২২ তারিখ বর্তমান আস্থায়িক কমিটির মেয়াদ শেষ হতে চলেছে। আপনি নিয়মিত কমিটি গঠন করার উদ্যোগ গ্রহণ করুন। কিন্তু তিনি এ বিষয়ে আমাদের শুধু মৌখিক আশ্বাস দেন, যা কিছু করা হবে তা যথাসময়ে আপনাদের জানানো হবে। কিন্তু ফেব্রুয়ারি মাস পর্যন্ত তিনি কিছু না করে আমাদেরকে না জানিয়ে গোপনে ফেব্রুয়ারির শেষে এসে উপজেলা নির্বাহী অফিসার দিয়ে প্রিজাইডিং অফিসার নিয়োগ দিয়ে গোপনে কমিটি গঠনের প্রক্রিয়া শুরু করেন এবং ২২/০২/২০২২ তারিখ পিছনের তারিখ দেখিয়ে অভিভাবক প্রতিনিধি, শিক্ষক প্রতিনিধি ও দাতা সদস্য প্রতিনিধি নির্বাচন করেন গোপনে প্রিজাইডিং অফিসারের অফিসে বসে। প্রধান শিক্ষক ভোটার তালিকা তৈরি করেননি, খসড়া ভোটার তালিকা টানাননি, নির্বাচনের শিডিউল টানাননি। নোটিশ বোর্ডে ছাত্রদের কক্ষে পড়ে শোনাননি। প্রিজাইডিং অফিসার ফুলতলা উপজেলার সহকারি বীজ কর্মকর্তা জনাব মোঃ আনোয়ার হোসেন ও প্রধান শিক্ষক মিলে কমিটি গঠনের প্রক্রিয়া অনুসরণ না করে ৬ মার্চের পূর্বে সবকিছু 'ব্যাকডেটে' করে অনুমোদনের জন্য প্রেরণ করেছেন যশোর শিক্ষা বোর্ড বরাবরে। আমরা অত্র বিদ্যালয় এলাকার অভিভাবক ও গণ্যমান্য ব্যক্তিবর্গ এই সংবাদ শুনে গত ২২/০২/২০২২ তারিখ একটি চিঠি যশোর শিক্ষা বোর্ডের বিদ্যালয় পরিদর্শক বরাবরে প্রেরণ করি (যা অত্রসাথ সংযুক্ত করা হলো) যার কপি আমরা জেলা শিক্ষা অফিসার, থানা শিক্ষা অফিসার ফুলতলা খুলনা কে প্রদান করি। বিষয়টি বিভিন্ন পত্র পত্রিকার সাংবাদিকগণ জানতে পেরে প্রকৃত সত্য উদ্ঘাটনের জন্য সাংবাদিকগণ গিলাতলা স্কুলে যান। গত ২৪/০৩/২০২২ তারিখ প্রধান শিক্ষকের নিকট কয়েকজন সাংবাদিক গেলে তাদেরকে তিনি জানান ম্যানেজিং কমিটির গঠন প্রক্রিয়া অব্যাহত আছে, সময় হলে সব কিছু জানানো হবে। পরে সাংবাদিক জিজ্ঞাসা করেন কমিটি গঠনের সিডিউল ও অভিভাবকদের নমিনেশন পত্রের অফিস কপি দেখানো যাবে কিনা? তখন তিনি সেগুলো দেখাতে ব্যর্থ হন। পরে সাংবাদিকগণ বিদ্যালয়ের আশেপাশের ১৫/২০ জন অভিভাবকের নিকট জানতে চাইলে কোন অভিভাবক ম্যানেজিং কমিটি গঠনের বিষয়ে কিছু জানেন না বলে জানান। এমন কি বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা ও জমিদাতার সন্তান এবং বিদ্যালয়ের প্রাক্তন সভাপতি শেখ হারুন অর রশিদ সাহেবও ক্ষোভ প্রকাশ করেন প্রধান শিক্ষকের এই গোপনীয়তার এবং অনিয়মের জন্য। এখানে উল্লেখ্য যে, প্রধান শিক্ষক মহোদয় একজন দুর্নীতিবাজ ব্যক্তি, তিনি কম্পিউটার ল্যাবের সরকারী অনুমোদন না নিয়ে এক ব্যক্তির নিকট থেকে ৫ লক্ষ টাকার কন্ট্রাক্ট করে পত্রিকায় বিজ্ঞাপন দিয়ে নিয়োগ প্রক্রিয়া শেষ করে জেলা শিক্ষা অফিসারের নিকট জমা দিতে গেলে ধরা পড়েন এবং সে কাজ থেকে তিনি এখনও বিরত রয়েছেন। এ বিষয়টিও আপনি তদন্ত করে যথাযথ ব্যবস্থা গ্রহণ করলে আমরা এলাকাবাসী চির কৃতজ্ঞ থাকব।

অতএব, আমরা নিরুপায় হয়ে এলাকার বিশৃঙ্খলা ও রেঘারেঘি এবং রক্তক্ষয়ী সংঘর্ষের হাত থেকে মুক্ত থাকতে ও বিদ্যালয়টির সুষ্ঠু উন্নয়ন এবং সুষ্ঠু পড়ালেখার স্বার্থে আপনার মাধ্যমে বিষয়টি তদন্ত সাপেক্ষে গোপন ভাবে 'ব্যাকডেটে' তৈরি করা কমিটি বাতিল করে নিয়ম-নীতি মেনে নতুন কমিটি গঠনের জন্য অনুরোধ জানাচ্ছি। এ বিষয়ে আপনার দ্রুত হস্তক্ষেপ কামনা করছি।

বিনীত

আবেদনকারী গণ

গিলাতলা মাধ্যমিক বিদ্যালয়ের অভিভাবক বৃন্দের পক্ষে

মোঃ লুৎফর রহমান

১। (মোঃ লুৎফর রহমান)

মোঃ নাসির উদ্দীন

২। (মোঃ নাসির উদ্দীন)

অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ফুলতলা।
- ২। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলতলা।
- ৩। জেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, খুলনা।
- ৪। মাধ্যমিক বিদ্যালয় পরিদর্শক, যশোর শিক্ষাবোর্ড, যশোর।